# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৭৩

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/১৯. জ্বর জাহান্নামের তাপ থেকে, তা পানি দিয়ে ঠান্ডা করো

بَاب الْحُمَّى مِنْ فَيْحِ جَهَنَّم فَابْرُدُوهَا بِالْمَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا مُصْعَبُ بْنُ الْمِقْدَامِ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ سَعِيدِ بْنِ مَسْرُوقٍ، عَنْ عَبَايَةَ بْنِ رِفَاعَةَ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " الْحُمَّى مِنْ فَيْحِ جَهَنَّمَ فَابْرُدُوهَا بِالْمَاءِ " . فَدَخَلَ عَلَى ابْنٍ لِعَمَّارٍ فَقَالَ " اكْشِفِ الْبَاسْ رَبَّ النَّاسْ إِلَهَ النَّاسْ " .

বাংলা

৩/৩৪৭৩। রাফে ইবনে খাদীজ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ জ্বর হলো জাহান্নামের উত্তাপ থেকে। তোমরা পানি ঢেলে তা ঠান্ডা করো। তিনি আম্মার (রাঃ)-র এক পুত্রকে দেখতে গেলেন এবং বললেনঃ ’’ইকশিফিল বাসা রববান নাস ইলাহান নাস ’’ ( হে মানুষের রব, হে মানবের ইলাহ! আপনি ক্ষতি বিদূরিত করুন)।

## English

It was narrated that Rafi’ bin Khadij said:
“I heard the Prophet (ﷺ) say: ‘Fever is from the heat of the Hell-fire, so cool it down with water.’ He entered upon a son of ‘Ammar and said: ‘Take away the harm, O Lord of mankind, O God of mankind.’”

ফুটনোট

সহীহুল বুখারী ৩২৬২, মুসলিম ২২১২, তিরমিযী ২০৭৩, আহমাদ ১৫৩৮৩, ১৬৮১৫, দারেমী ২৭৬৯, সহীহাহ ১৫২৬। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুসআব ইবনুল মিকদাম সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি সিকাহ।

আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯৯০, ২৮/৪৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44437

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন